**পল্লবী আর্ট**
আল্পনা, মেহেন্দী, ওয়াল পেন্টিং, ফেব্রিক, গ্লাস পেন্টিং যত্ন সহকারে করা হয়।
বাচ্চাদের খুব যত্ন সহকারে আঁকা শেখানো হয়।
Mob. : 8240006480

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-
৯২৩২৬৩৩৮৯৯
৯৬৪৭৭৯১৯৮৬

স্থানীয় নির্ভিক সাপ্তাহিক সংবাদপত্র

# সার্বভৌম সমাচার

RNI Rgn. No. WBBEN/2017/75065 ❑ Postal Regn No.- Brs/135/2020-2022 ❑ Vol. 5 ❑ Issue 51 ❑ 10 Mar. 2022 ❑ Weekly ❑ Thursday ❑ ₹ 2

নতুন সাজে সবার মাঝে
শীতাতপ নিয়ন্ত্রিত
ALANKAR
অলঙ্কার
সরকার অনুমোদিত ২২/২২ ক্যারেট K.D.M সোনার গহনা নির্মাতা ও বিক্রেতা
যশোহর রোড • বনগাঁ
M : 9733901247

## কে হবেন বনগাঁ পৌরসভার চেয়ারম্যান ?

# বোর্ড গঠনে কী নতুন 'নীতি' আনছেন তৃণমূল সুপ্রিমো?

সার্বভৌম সমাচার প্রতিবেদন : সম্প্রতি শেষ হল পৌর নির্বাচন। ইতিমধ্যেই অলিগলিতে আলোচনার শীর্ষে আছে— কে হবেন বনগাঁর পৌরপ্রধান? কিন্তু ইতিমধ্যে হঠাৎই সামনে এল নতুন টুইস্ট! সরানো হল তৃণমূলের বনগাঁ সাংগঠনিক জেলার সভাপতি আলোরানি সরকারকে এবং তাঁর জায়গায় নতুন সভাপতি হলেন বনগাঁ পৌরসভা ভোটে নির্বাচিত তথা বনগাঁ পৌরসভার প্রাক্তণ পৌর প্রশাসক গোপাল শেঠ। যা নিয়ে হাজারও প্রশ্ন দেখা দিয়েছে সাধারণের মধ্যে।

চলতি পৌরভোট, অর্থাৎ ২০২২-এর পৌরভোট নিয়ে অনেক সমীকরণ হয়েছে বনগাঁয়। যেমন, গোষ্ঠীদ্বন্দ্ব, না পাওয়ার যন্ত্রণায় বিদ্রোহ, ক্ষমতা ধরে রাখার বৃথা প্রচেষ্টা, ইত্যাদি...! যা নিয়ে একপ্রকার তিতি বিরক্ত ছিলেন তৃণমূলের শীর্ষ নেতৃত্ব। যদিও, অবশেষে সামনে এসেছে ফলাফল। কিন্তু তা নিয়েও শুরু হয়েছে বিতর্ক! কে হবেন বনগাঁর চেয়ারম্যান?







একদিকে যেমন রয়েছেন প্রাক্তণ বিধায়ক গোপাল শেঠ, তো অন্যদিকে রয়েছেন প্রাক্তণ চেয়ারম্যান জ্যোৎস্না আঢ্য। আবার পিছিয়ে নেই বনগাঁ পৌরসভার তিনবারের প্রাক্তন ভাইস চেয়ারম্যান কৃষ্ণা রায়। অতএব চেয়ারম্যান হওয়ার দৌড়ে এবার ত্রিমুখী লড়াইয়ে বেশ জমে উঠেছে বনগাঁর রাজনীতি।

বিধানসভা ভোটের পর বনগাঁ পৌরসভার প্রাক্তন চেয়ারম্যান তথা তৎকালীন পৌরপ্রশাসক শংকর আঢ্যকে সরিয়ে গোপাল শেঠকে পৌরপ্রশাসক করা হয়েছিল। তখন থেকেই তাকে পরবর্তী চেয়ারম্যান করা হবে বলে এক প্রকার ধরে নিয়ে ছিলেন গোপাল শেঠ ঘনিষ্ঠরা। কিন্তু বাদসাধল তৃণমূল সুপ্রিমোর নতুন টুইস্ট! আলোরানিকে সরিয়ে তৃণমূলের বনগাঁ সাংগঠনিক জেলার সভাপতি করা হল গোপাল শেঠকে। স্বাভাবিক ভাবেই প্রশ্ন উঠছে তৃণমূলের 'একপদ একনীতি' নিয়ে; এখন যদি এখানে এই নীতি কার্যকর হয়, তাহলে গোপাল বাবুর চেয়ারম্যান হওয়া আটকে যাবে। যদিও তার অনুগামীরা জানাচ্ছেন, "কলকাতা কর্পোরেশনের মেয়র করা হয়েছে ফিরহাদ হাকিমকে। তিনি আবার রাজ্যের পুর এবং নগরোন্নয়ন মন্ত্রী। উদাহরণ চোখের সামনেই রয়েছে। তাহলে গোপাল বাবুকে কেন করা হবে না!" তবে এবিষয়ে গোপালবাবু অবশ্য বলেন, "বনগাঁর চেয়ারম্যান কে হবেন সে বিষয়ে সিদ্ধান্ত নেবেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আমরা তার সিদ্ধান্ত মেনে চলবো।"

এদিকে বনগাঁ পৌরসভার নতুন চেয়ারম্যানের তালিকায় ত্রিমুখী লড়াই-এর আঁচ পাচ্ছেন রাজনৈতিক মহল। তাদের মতে এবারে বনগাঁ পৌরসভার চেয়ারম্যানে হওয়ার দৌড়ে এগিয়ে আছেন গোপাল শেঠ, জ্যোৎস্না আঢ্য ও কৃষ্ণা রায়। এদের মধ্যে ৩ নম্বর ওয়ার্ড থেকে জয়ী হয়েছেন প্রাক্তন পৌরপ্রশাসক গোপাল শেঠ। তিনি বনগাঁর প্রাক্তন বিধায়ক ছিলেন। যদিও পৌরসভার ভোটে এবার তিনি প্রথম দাঁড়িয়েছেন। স্বাভাবিকভাবেই পৌরসভা পরিচালনা করার ক্ষেত্রে তার অভিজ্ঞতা কম। এখনো দক্ষতা প্রমাণিত হয়নি বলেই তৃণমূলের কর্মী সমর্থকরা মনে করছেন। যদিও তৃণমূল নেতৃত্ব সূত্রে জানা গিয়েছে, পরবর্তী চেয়ারম্যান হওয়ার দৌড়ে এগিয়ে আছেন গোপাল শেঠ। তৃতীয় পাতায়...

## প্রাচীন গাছ আগুনে পুড়িয়ে দেওয়ার অভিযোগ



প্রতিনিধি : প্রায় ৪০ বছরের প্রাচীন গাছ আগুন দিয়ে পুড়িয়ে নষ্ট করার অভিযোগ উঠল এক গ্রামবাসীর বিরুদ্ধে। স্থানীয় পঞ্চায়েত প্রধান এই অভিযোগ তুলে থানা ও বনদপ্তরের দ্বারস্থ হয়েছেন। রবিবার ঘটনাটি ঘটেছে বনগাঁ থানার ধর্মপুকুরিয়া গ্রাম পঞ্চায়েতের সবাইপুর মনিগ্রাম সড়কের পাশে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

স্থানীয়রা জানিয়েছেন, সবাইপুর থেকে মনিগ্রাম যাওয়ার সড়কের পাশে স্থানীয় আহার আলী মন্ডলের কয়েক বিঘা চাষের জমি রয়েছে। ওই এলাকায় রাস্তার পাশে লাইন দিয়ে সেগুন গাছ লাগিয়ে ছিল পঞ্চায়েত কর্মীরা। রবিবার সেই জমি সংলগ্ন সড়কের পাশের সেগুন গাছ গুলির গোড়ায় আগাছা জড়ো করে আগুন ধরিয়ে দেয় আহার আলী। আগুন দেখে স্থানীয়রা পঞ্চায়েতের খবর দেয়। পঞ্চায়েতের প্রতিনিধিরা গিয়ে দেখেন গাছের গোড়াগুলি পুড়ে কালো হয়ে গিয়েছে। এরপরই পঞ্চায়েতের পক্ষ থেকে প্রধান সোমবার সন্ধ্যায় থানার দ্বারস্থ হয়েছেন। প্রধান রিতা বিশ্বাস বলেন, "সরকারি জমিতে পঞ্চায়েতের লাগানো প্রাচীন এগারোটি গাছে আগুন লাগানো হয়েছে। গাছগুলির ঘোড়া ঝলসে গিয়েছে। হয়তো কদিন পরেই শুকিয়ে যাবে। তাই আমরা বিচার চেয়ে থানার দ্বারস্থ হয়েছি। অভিযুক্তের পরিবারের লোকেরা জানিয়েছেন, এলাকায় সাপের উপদ্রব হয়। সে কারণে না বুঝেই আগুন ধরিয়ে ফেলেছে।

## টাকার বিনিময়ে ট্রাক ছাড়ার অভিযোগ, আটক কয়েকটি ট্রাক

প্রতিনিধি : পচনশীল দ্রব্যের নাম ভাড়িয়ে জামা কাপড় সহ একাধিক পন্য নিয়ে যাওয়ার অভিযোগে কয়েকটি ট্রাক আটকে রেখে প্রশাসনের হাতে তুলে দিলো স্থানীয় ট্রাক মালিকেরা। সোমবার দুপুরে ঘটনাটি ঘটেছে বনগাঁ থানার বিএসএফ ক্যাম্প মোড় এলাকায়।

ট্রাক মালিকেরা জানিয়েছেন, পেট্রাপোল বন্দর দিয়ে বাংলাদেশে রপ্তানির জন্য রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে পণ্য নিয়ে ট্রাক আসে বনগাঁয়। প্রথমে সেগুলি রাজ্য সরকার পরিচালিত বনগাঁ পৌরসভার কালিতলা পার্কিংএ আসে। সেখান থেকে সিরিয়াল অনুযায়ী চালান নিয়ে ট্রাকগুলি পেট্রাপোল বন্দরে যায়। ট্রাকে প্যারিসেবেল গুডস থাকলে সেগুলিকে আগে ছেড়ে দেওয়া হয়। বনগাঁ বিএসএফ ক্যাম্প মোড়ে সব ট্রাকের চালান পরীক্ষা করে বন্দরের দিকে যাওয়ার অনুমতি দেয় প্রশাসন। সিরিয়াল অনুযায়ী পণ্য রপ্তানির জন্য দিনের পর দিন বহু ট্রাক দাঁড়িয়ে থাকে পার্কিংয়ে।

শনিবার থেকে বাংলাদেশের ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টদের কর্মবিরতি চলছে। বর্তমানে পেট্রাপোল বন্দর দিয়ে আমদানি-রপ্তানি বন্ধ রয়েছে। ফলে, পণ্য নিয়ে কয়েক হাজার ট্রাক পার্কিং এলাকায় দাঁড়িয়ে রয়েছে।

এদিন সকালে স্থানীয় মালিকরা দেখেন, ভিন রাজ্যের কয়েকটি কন্টেনার বন্দবের উদ্দেশ্যে যাচ্ছে। তাদের দাঁড় করিয়ে তৃতীয় পাতায়...



Behag Overseas
Complete Logistic Solution
(MOVERS WHO CARE)
MSME Code UAM No.WB10E0038805



ROAD - RAIL - BARGE - SEA - AIR
CUSTOMS CLEARANCE IN INDIA
Head Office : 48, Ezra Street, Giria Trade Centre, 5th Floor, Room No : 505, Kolkata - 700001
Phone No. : 033-40648534
9330971307 / 8348782190
Email : info@behagoverseas.com
petrapole@behagoverseas.com
BRANCHES : KOLKATA, HALDIA, PETRAPOLE, GOJADANGA, RANAGHAT RS., CHANGRABANDHA, JAIGAON, CHAMURCHI, LUKSAN, HALDIBARI RS, HILI, FULBARI

LIC
কর্মসংস্থান
LICI তে এজেন্ট নিয়োগ চলছে
স্টাইপেন্ড- ৫০০০ টাকা তৎসহ কমিশন।
উজ্জ্বল চন্দ (ডেভেলপমেন্ট অফিসার)
যোগাযোগ- ৭৯০৮৬২৯৪৬২ / ৯৯৩২৭২৯০৯৫

সবার পছন্দ
নিমলি
মা এর Vaccination তো হলো
এবার শাড়ি টা ?



আমাদের দ্বিতীয় শোরুম
কোর্ট রোড, হাই স্কুল এর সামনে, বনগাঁ

স্থানীয় নির্ভিক সাপ্তাহিক সংবাদপত্র
# সার্বভৌম সমাচার
বর্ষ ০৫ ❐ সংখ্যা ৫১ ❐ ১০ মার্চ, ২০২২ ❐ বৃহস্পতিবার

## নির্বাচন না প্রহসন

জয়! তৃণমূলের জয়! মা-মাটি-মানুষের জয়! সদ্য সমাপ্ত পশ্চিমবঙ্গের ১০৮টি পৌরসভার সাথে বনগাঁ পৌরসভাও। জয়ের ধারা অব্যহত। ২২টির মধ্যে ১৯টি। নির্বাচনের পরের দিন সকালে খবরের কাগজের হেড লাইন— সুষ্ঠু অবাধ নির্বাচন বনগাঁ পৌরসভাতে। গুপ্ত হাসি তৃণমূলের প্রার্থীদের মুখে। অথচ বাস্তব চিত্র ছিল ভিন্ন রকমের। থানার সামনে বসে কেঁদেছে বিজেপি, সিপিআইএম ও নির্দল প্রার্থী, বুমের সামনে কান্নায় ভেঙে পড়েছে কংগ্রেস প্রার্থী, বুথে এজেন্ট বসাতে না পেরে পথ অবরোধ করেছে বিজেপি প্রার্থী। ভারতবর্ষ একটি সংসদীয় গণতন্ত্র। সংবিধানের নিয়মানুসারে প্রত্যেক নাগরিক তার নিজস্ব ভাবনায়, নিজের মতে ভোট দিতে পারে যে কোন প্রার্থীকে। সেক্ষেত্রে যদি কোন ভোটারকে নির্দিষ্ট কোন প্রার্থীর ক্যাডারদের মতে ভোট দিতে হয়, তাহলে সেটি কেমনতর অবাধ নির্বাচন! বা কোন ভোটারকে যদি ভোট কেন্দ্রে গিয়ে শুনতে হয় তার ভোট দেওয়া হয়ে গেছে, তা হলে তো আরও অবাধ নির্বাচন! সরকারের নির্ধারিত সহায়ক ব্যক্তিবর্গের সাথে নির্বাচন কেন্দ্রে অবাধে যেতে পারেন কোন পত্রিকার নির্ধারিত প্রতিনিধিবৃন্দ; যার অনুমোদন আসে তথ্য সংস্কৃতি দপ্তর থেকে। সেই নির্বাচিত পত্রিকা প্রতিনিধিকে যদি ভোট কেন্দ্রে গিয়ে মার খেতে হয় বা তার ক্যামেরা কেড়ে নেওয়া হয়, তাহলে এ কেমন সুষ্ঠু অবাধ নির্বাচন! একবিংশ শতাব্দীর মধ্যলগ্নে দাঁড়িয়ে সংসদীয় গণতন্ত্রের এমনতর নির্বাচনের জন্য একটাই শব্দ লেখনীতে উঠে আসে— প্রহসন!

## ইফকোর আঞ্চলিক সমবায় সম্মেলন মার্কেটিং কো-অপারেটিভে

নীরেশ ভৌমিক ঃ ইন্ডিয়ান ফার্মার্স ফার্টিলাইজার কো-অপারেটিভ সোসাইটির উদ্যোগে ও গাইঘাটা থানা এগ্রিকালচারাল প্রাইমারী মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটি লিঃ এর ব্যবস্থাপনায় গত ৭ মার্চ চাঁদপাড়ায় গাইঘাটা মার্কেটিং এর সভা কক্ষে অনুষ্ঠিত হয় ইফকো আয়োজিত আঞ্চলিক সমবায় সম্মেলন। সম্মেলনে দুই ২৪ পরগণা ছাড়াও নদীয়া জেলার বিভিন্ন সমবায় সমিতির প্রতিনিধিগণ উপস্থিত হন। সম্মেলনে উপস্থিত ছিলেন, ইফকোর স্টেট মার্কেটিং ম্যানেজার




স্বপন রায়, ছিলেন অফিসার রামকৃষ্ণ নায়েক, অনিরুদ্ধ কোলে, নদীয়ার সন্দীপ পাল ও কৃষি বিশেষজ্ঞ দেবাশীষ দত্ত প্রমুখ। আয়োজক গাইঘাটা মার্কেটিং কো-অপারেটিভ এর সম্পাদক অমল কুমার বিশ্বাস ও ম্যানেজার সুখেন ভট্টাচার্য উপস্থিত সকলকে স্বাগত জানান এবং পুষ্পস্তবক প্রদানে বরণ করে নেন। ইফকোর বিশিষ্ট আধিকারিকগণ জানান, ৩ বৎসর পূর্বে ভারতবর্ষেরই একজন বিজ্ঞানী ন্যানো ইউরিয়া আবিষ্কার করেন। মাটির উর্বরতা বৃদ্ধির জন্য ইফকোর গবেষণার ফসল হচ্ছে ন্যানো ইউরিয়া। উদ্ভিদ এই সার অতি সহজেই গ্রহন করতে পারে। কৃষি বিশেষজ্ঞ দেবাশিষ দত্ত ন্যানো ইউরিয়া প্রয়োগের পদ্ধতি ব্যক্ত করেন। জেলা তথা রাজ্যের সেরা গাইঘাটার মধুসুদনকাটি সমবায় সমিতির চেয়ারম্যান অবসরপ্রাপ্ত শিক্ষক কালিপদ সরকার বলেন, মাটির স্বাস্থ্য ও ফসলের সুরক্ষায় এক যুগান্তকারী পরিবর্তন এনেছে ন্যানো ইউরিয়া। বর্ষিয়ান সমবায়ি কালিবাবু ন্যানো ইউরিয়া ব্যবহারের প্রয়োজনীয়তা ও সুফল উপস্থিত সকলের নিকট তুলে ধরেন। স্টেট মার্কেটিং ম্যানেজার শ্রীরাম জানান, দেশের কৃষি ও কৃষককের সাথে কেন্দ্রীয় সরকার প্রচুর অর্থ ভরতুকি দিয়ে থাকে। তাই সরকারের ভরতুকিতে তৈরি সার যাতে গুদামজাত হয়ে না থাকে, সেদিকে লক্ষ্য রাখার জন্য উপস্থিত বিভিন্ন সমবায়ের প্রতিনিধিদের নিকট আহবান জানান। সেই সঙ্গে তরঙ্গ ইউরিয়ার গুনাগুন এবং এটির ব্যবহারে কৃষকদের বিভিন্ন সুবিধার কথা ব্যক্ত করেন। জেলার ফিল্ড অফিসার রামকৃষ্ণবাবু উপস্থিত সকল সমবায় কর্তৃপক্ষকে ইফকোর সার ও কীটনাশক ব্যবহার করার এবং অন্যান্যদেরকেও ন্যানো ও তরঙ্গ ইউরিয়া ব্যবহারে উৎসাহিত করার অবেদন জানান। বক্তব্য রাখেন স্বরূপনগর মার্কেটিং এর সম্পাদক দুলাল সরকার। গাইঘাটা মার্কেটিং কো-অপারেটিভ এর সম্পাদক অমলবাবু বাস্তব অবস্থা তুলে ধরে সারের যোগান, বিক্রি ও ব্যবহারের বিষয়ে কিছু সমস্যা তুলে ধরে বক্তব্য রাখেন। উদোক্তারা এদিনের সম্মেলনে উপস্থিত সকলের হাতে নানা উপহার তুলে দিয়ে শুভেচ্ছা জানান।

## ভবঘুরের অস্থায়ী থাকা, খাওয়ার ব্যবস্থা করলেন গোপা

দীপ্যমান সাহা : সম্প্রতি নোংরা আবর্জনার মধ্যে মাটিতে অভুক্ত অবস্থায় এক ভবঘুরেকে পড়ে থাকতে দেখে তার জন্য অস্থায়ী থাকা, খাওয়ার ব্যবস্থা করলেন বাগদা পঞ্চায়েত সমিতির সভাপতি শ্রীমতী গোপা রায়। পরিত্যক্ত পিডব্লিউডির ওই জায়গার জঙ্গল পরিস্কার করে একটা নতুন চৌকি খাট, শীতবস্ত্র ও মশারী কিনে দেন তিনি। এছাড়া সেখানে একটা পলিথিনের সেড করে দিয়ে নিরাপদে থাকা, প্রতিনিয়ত খাওয়ার ব্যবস্থাও করেন তিনি।

সভাপতির এহেন শুভ কর্মে খুশি বাগদা পূর্ব ব্লক তৃণমুল সংখ্যা লঘু সেলের সভাপতি ইব্রাহিম মন্ডল, রণঘাট অঞ্চল সংখ্যালঘু সেলের সভাপতি নাসির বিশ্বাস, তৃণমুল ছাত্র পরিষদের রাজ কর প্রমুখরা। তারা বলেন, "আমরা গ্রামীন বাঙালি, আমাদের সমৃদ্ধ ও উন্নত সাংস্কৃতি আজ অনুন্নত সাংস্কৃতির পদতলে পিষ্ট। একবিংশ শতাব্দীর ক্রান্তিকালে এটাকে এভাবেই রক্ষা করাই হোক আমাদের দৃঢ় অঙ্গীকার"।

## আত্ম ঋণ

### অশোক কুমার হালদার

মানুষ সমাজবদ্ধ জীব। মানুষ নিজ নিজ পরিবার নিয়ে বাস করে। কিন্তু এই পরিবারের কেউই একক এবং স্বতন্ত্রভাবে বাস করতে পারে না। পরিবারের মধ্যে একে অন্যের সহায়ক না হলে, পরিপূরক পরিবারের মধ্যে হয় না বা হতে পারে না। একটা সমাজ তৈরি হয় অনেকগুলি পরিবার নিয়ে। পরিবারে বাঁচতে গেলে যেমন দরকার নিত্য প্রয়োজনীয় খাদ্যশস্য, আসবাবপত্র, গহনা বা অলংকারাদি বা লেখা পড়ার জন্য কাগজ, কলম ইত্যাদি। এছাড়া ধোপা, নাপিত, পুরোহিত, শিক্ষক এবং শিক্ষিকা, ডাক্তার এবং আরও অনেকে সমাজ সংস্কারের কাজ এবং মানুষের সমাজের সেবার কাজে প্রত্যক্ষ বা পরক্ষোভাবে যুক্ত রয়েছেন। যারা প্রত্যক্ষভাবে সমাজে সেবা কার্যে যুক্ত রয়েছেন, তাদের হয়তো আমরা দেখতে পাই। কিন্তু যারা পরক্ষোভাবে সমাজের সেবা কার্যে যুক্ত রয়েছেন, তাদের আমরা সরাসরি দেখতে না পারলেও, তাদের সেবা কার্যের কাছে আমরা প্রত্যেকেই ঋণী। যেহেতু আমরা একক ভাবে কেউই পরিপূরক নয়। একে অন্যের পরিপূরক একক ভাবে কোন পরিবারের পক্ষে সম্ভবপর নয়। প্রয়োজনীয় খাদ্য সামগ্রী উৎপাদন করে পরিবারের চাহিদা মেটানো। তাই মানুষকে সমাজবদ্ধ ভাবে সমাজ সংসারে জীবন যাপন করতে হয়। তাই মানুষের এই সমাজ ব্যবস্থায় একে, অন্যের পরিপূরক এবং একে অন্যের কাছে পরোক্ষভাবে আমরা সবাই ঋণী। স্বাভাবিক কারণেই মনে প্রশ্ন আসতে পারে যে, আমরা সকলেই তো অর্থের বিনিময়ে প্রয়োজনীয় সামগ্রীর আদান প্রদান করি। তবে কীভাবে আমরা সমাজ জীবনে ঋণী? যে কাগজ কলমের দ্বারা আমরা লেখাপড়া করি, সেই কাগজ এবং কলম কোন মিল কারখানায় তৈরি হয়। যারা এই কাজের সঙ্গে যুক্ত; ঐ সব শ্রমিক বন্ধুদের কাছে আমরা পরোক্ষভাবে ঋণী। যে সমস্ত কৃষক বন্ধুরা সমাজের জন্য খাদ্য উৎপাদন করে সমাজের মানুষের অন্নের যোগান দান করেন প্রত্যক্ষভাবে, তাদের কাছেও আমরা আত্মিক ভাবে ঋণী। আদর্শগত ভাবে আমরা প্রত্যেকেই একে অন্যের পরিপূরক এবং আত্মঋণে ঋণী।

## মূর্তি ও মঞ্চের আনুষ্ঠানিক উদ্বোধন ডেওপুল হাই স্কুলে

নীরেশ ভৌমিক ঃ এক মনোজ্ঞ অনুষ্ঠানের মধ্য দিয়ে গাইঘাটার ডেওপুল হাই স্কুলে নবনির্মিত বিদ্যাসাগর মঞ্চের আনুষ্ঠানিক উদ্বোধন করেন বনগাঁ দক্ষিণের প্রাক্তন বিধায়ক সুরজিৎ কুমার বিশ্বাস। উপস্থিত ছিলেন গাইঘাটা পঞ্চায়েত সমিতির সভাপতি গোবিন্দ দাস, সহ-সভাপতি ইলা বাক্‌চি, ছিলেন বিদ্যালয় পরিচালক সমিতির সভাপতি ও পঞ্চায়েত সমিতির জনস্বাস্থ্য কর্মাধ্যক্ষ বিজয় সরকার ও স্কুল কমিটির বর্ষিয়ান সদস্য সন্তোষ বক্সী প্রমুখ।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক অনুপ দেবনাথ উপস্থিত সকলকে স্বাগত জানান। এলেকার ভূতপূর্ব বিধায়ক সুরজিৎ বিশ্বাসের বিধায়ক উন্নয়ন তহবিলের দেয় অর্থে নির্মিত সুসজ্জিত মঞ্চের আনুষ্ঠানিক উদ্বোধন করেন ভূতপূর্ব বিধায়ক সুরজিৎবাবু। সেইসঙ্গে এদিন বিদ্যালয় প্রাঙ্গনে নবস্থাপিত ঈশ্বর চন্দ্র বিদ্যাসাগর ও রবীন্দ্র নাথ ঠাকুরের আবক্ষ মূর্তির আনুষ্ঠানিক উদ্বোধন করেন উপস্থিত বিশিষ্টজন। এদিনের মঞ্চ ও মূর্তির উদ্বোধন অনুষ্ঠান শেষে নবনির্মিত মঞ্চে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীগণ পরিবেশিত মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান উপস্থিত সকলের মনোরঞ্জন করে।

## বিজ্ঞান বিষয়ক নিবন্ধ

## সৌজাত্যবিদ্যা কি মানবাধিকারের পরিপন্থী



### অজয় মজুমদার

**পর্ব-১**


মানুষের কল্যাণে জেনেটিক্সের ভূমিকা অনন্য। বিজ্ঞানকে মানুষের কল্যাণে লাগানোর পাশাপাশি আবার অপপ্রয়োগ করলে ফল হয় অন্যরকম। প্রাণীদের ক্ষেত্রে নির্বাচনের মাধ্যমে উৎকর্ষতা বাড়াবার চেষ্টা করা হয়। যদি কোনো মুরগির ডিম উৎপাদনের ক্ষমতা বাড়াবার জন্য নির্বাচন করা হয়, তাহলে বড় আয়তনের এবং অধিক সংখ্যক ডিম উৎপাদনকারী মুরগিকে মাতা হিসেবে নির্বাচন করা হয়। যে মোরগকে পিতা নির্বাচন করা হবে, তার বংশধরদের বা প্রোজেনি(Progeny) পরীক্ষা করে নিতে হবে। অর্থাৎ সবদিক বিবেচনা করেই পিতা নির্বাচন করা হবে ও যদি এই মুরগি গুলির ডিম উৎপাদনের ক্ষমতা মার চেয়ে বেশি হয়, তাহলে বলা হয় যে, ওই মোরগের অধিক ডিম উৎপাদনের জিন রয়েছে। এই মুরগিটিকে তখন নির্দিষ্ট প্রজনন পরীক্ষায় ব্যবহার করা যেতে পারে। রোগ-প্রতিরোধ ক্ষমতা



বংশগত ও অনেক সময় এই ক্ষমতা একটি জিন দিয়েই নিয়ন্ত্রিত হয়। সালমোনেল্লা পুলোরাম ব্যাকটোরিয়া লেগহর্ন মুরগিকে আক্রমণ করতে পারে না। কারণ এই প্রতিরোধ ক্ষমতা বেড়ে উঠেছে একটি জিনের জন্য। তাহলে দেখা যায় নির্বাচনের মাধ্যমে রোগ প্রতিরোধ ক্ষমতা বেড়ে যায়। তিন বছর ধরে নির্বাচন করে মুরগিতে সালমোনেল্লা পুলোরাম এর প্রভাবে মৃত্যুর হার ৭৩% কমে ২৪% এ এসেছে। এছাড়াও পাঁচ বংশ বা জনু বা জেনারেশান ধরে মুরগিতে টাইফয়েড রোগ প্রতিরোধ ক্ষমতা অনেক বেড়েছিল। এই রোগ আক্রমন হার ৮৫ শতাংশ থেকে কমে ১০ শতাংশ হয়েছিল। তাহলে জিন প্রতিরোধ ক্ষমতা নিয়ন্ত্রণ করতে পারে। বংশগত রোগের জন্যও দায়ী এই জিন।

আরেকটি উদাহরণ দেওয়া যাক— দুই পরিবারের রক্ত পরীক্ষা করে জানা গেল, তাদের বংশে মাইনর থ্যালাসেমিয়া আছে। এই সদস্যদের মধ্যে বিয়ে হলে সন্তান সন্ততিদের থ্যালাসেমিয়া রোগ হবে। এই জিনেরই কেরামতি বিভিন্ন ভাবে দেখিয়েই রাজনীতি চলছে। আর এই নীতিতেই আমরা ভেসে চলেছি।

কখনও কখনও প্রাকৃতিক ভাবে প্রকৃতপক্ষে জেনেটিক্স গবেষণাকে পরিচালিত করাই ইউজেনিক্স এর উদ্দেশ্য। জিনতত্ত্বের ঘাড়ে চেপে ইউজেনিক্সের যাত্রা শুরু। ১৯৩৫ সালে এক তদন্তে দেখা



যায়, ইউজেনিক্স রেকর্ড, অফিসে অনুমোদিত বা অনুদান প্রাপ্ত গবেষণাগুলো ছিল আসলে ধাপ্পাবাজি ও বিজ্ঞানের কোন প্রমাণ এর ধার ধারে না।

ইউজেনিক্সের পক্ষে প্রচার বাড়ানো ও শক্ত ভিত তৈরির জন্যই এই ধরনের ধাপ্পাবাজির সাহায্য নেওয়া হয়েছিল। জিনের পরিবর্তন হতে পারে। জিনের এই হঠাৎ পরিবর্তনকে বলে পরিব্যক্তি ব্য মিউটিশান। এই প্রাকৃতিক মিউটিশানের ফলে কখনোও কখনোও উৎকৃষ্ট ধরনের জীব সৃষ্টি হতে পারে। সেজন্য উন্নত ধরনের জীব সৃষ্টির জন্য কৃত্রিম উপায়ে মিউটিশান সৃষ্টি করা হয়।

মানুষের উন্নতির জন্য স্বাস্থ্যবান ও গুণবান সন্তান উৎপাদন বিষয়ক বিজ্ঞানই হলো সৌজাত্যবিদ্যা বা ইউজেনিক্স (Eugenics)। এই নতুন শাস্ত্রের প্রণেতা হলেন ফ্রান্সিস গ্যালটন (francis Galton) ও ১৮৮৩ সালে তাঁর প্রকাশিত বই "এনকোয়ারি ইন্টু হিউম্যান ফ্যাকাল্টি এন্ড ইটস ডেভেলপমেন্ট"-এ ইউজেনিক্স শব্দটি ব্যবহার করা হয়।

এই বিষয়ের প্রাধান্য হল— পরের বংশধরদের মধ্যে বংশগত অস্বাভাবিকতা বা ত্রুটি কমাবার এবং উৎকৃষ্ট বৈশিষ্ট্য বাড়াবার চেষ্টায় ১৮৬৯ সালে গ্যালটন একটি বই প্রকাশ করেন "হেরেডিটারি জিনিয়াস" নামে। এই বইতে দেখানো হয় প্রতিভাবান ও খুব ক্ষমতা সম্পন্ন মানুষদের বাছাই করে তাঁদের মধ্যে প্রজনন সীমাবদ্ধ রেখে এক উচ্চ ক্ষমতাসম্পন্ন মানব গোষ্ঠী গঠন করা সম্ভব। এর পরেও তাঁর লেখা আরও বই, প্রবন্ধ প্রকাশিত হয়। সবই তখনকার সময় থেকে এগিয়ে থাকা মতামত ও চিন্তাভাবন। ইউজেনিক্স নামটি তাঁরই দেওয়া।

## বিপ্লবী বসন্ত বিশ্বাস এর মূর্তি প্রতিষ্ঠা

নীরেশ ভৌমিক ঃ গত ৩ মার্চ গাইঘাটার চৌগাছা হাইস্কুলে আয়োজিত মনোজ্ঞ অনুষ্ঠানে স্বাধীনতা সংগ্রামী বসন্ত বিশ্বাস এর আবক্ষ মূর্তির আনুষ্ঠানিক উম্মোচন করেন রাজ্যের কারামন্ত্রী উজ্জ্বল বিশ্বাস। বিদ্যালয় পরিচালক সমিতির সভাপতি উত্তম মণ্ডলের উদ্যোগে আয়োজিত এদিনের অনুষ্ঠানে অন্যান্য বিশিষ্টজনদের মধ্যে ছিলেন বনগাঁর প্রাক্তন সাংসদ মমতা ঠাকুর, স্থানীয় বনগাঁ দক্ষিণের ভূতপূর্ব বিধায়ক সুরজিৎ কুমার বিশ্বাস, গাইঘাটা পঞ্চায়েত সমিতির সভাপতি গোবিন্দ দাস, কর্মাধ্যক্ষ অজয় দত্ত, বিশিষ্ট শিক্ষক ও জননেতা শ্যামল বিশ্বাস প্রমুখ।



# ধর্ষণ করে খুনের অভিযোগে গ্রেপ্তার স্বামী, দেবর ও সুপারি কিলার, বাবার ফাঁসির দাবি ছেলের

প্রতিনিধি : ধর্ষণ করে খুন করার অভিযোগে গ্রেপ্তার স্বামী, দেবর ও সুপারি কিলার। ঘটনাটি ঘটেছে পেট্রাপোল থানার জয়ন্তীপুর এলাকার। পুলিশ জানিয়েছে, মৃতার নাম ফতেমা মোল্লা (৩৫)। তদন্তে নেমে পুলিশের অনুমান, ওই মহিলাকে খুনের আগে ধর্ষণ করা হয়েছিল।

পরিবারের লোকেরা জানিয়েছে, বছর ১৮ আগে গোপালনগর থানার মেহেরপুরের ফতেমার সঙ্গে বিয়ে হয়েছিল পেট্রাপোল থানার জয়ন্তীপুর গ্রামের সামিউলের। তাদের বছর ১৫র একটি ছেলে ও বছর ১৩র একটি মেয়ে রয়েছে। স্বামী-স্ত্রী পরস্পরের উপর বিবাহ বহির্ভূত সম্পর্কের অভিযোগ আনত। তা নিয়ে স্বামী-স্ত্রীর মধ্যে মাঝেমধ্যে বিবাদ চলত। দিয়ে ফাঁস লাগানো দেহ দেখতে পায় স্থানীয়রা।

খবর পেয়ে পুলিশ দেহ উদ্ধার করে ময়না তদন্তে পাঠায়। ঘটনার তদন্তে নেমে পুলিশ প্রথমে স্বামী সামিউলকে আটক করে। জেরায় পুলিশ জানতে পারে, স্বামী ভাড়াটে দুষ্কৃতী ব্যবহার করে মহিলাকে খুন করেছে। এরপর দেবর রেজাউল মোল্লা ও দুষ্কৃতী ওয়াইদুল্লা মণ্ডলকে গ্রেপ্তার করে পুলিশ।

মৃতার ছেলে সাদ্দাম মোল্লা বলেন, "রাতে মা নিখোঁজ হওয়ার পর বাবাকে থানায় অভিযোগ করতে বলেছিলাম, করেননি। মায়ের দেহ উদ্ধারের পর বাবা অভিযোগ করতে চাইছিলেন না। তখনই বাবার উপর সন্দেহ হয়েছিল। আমি চাই,



২ মার্চ রাতে মহিলা নিখোঁজ হয়ে যায়। ৩ মার্চ সকালে জয়ন্তীপুর এলাকার কাঁঠালবাগান এলাকায় তার গলায় ওড়না আমার বাবার ফাঁসি হোক। কারণ, আর কেউ যেন তার স্ত্রীকে এভাবে হত্যা না করতে পারে।"

# ভোটের নামে প্রহসন বনগাঁয়, দাবি বিরোধী দলনেতার

প্রতিনিধি : বনগাঁয় কারো হাতে ভোটের কালি নেই, এমনই দাবি করলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। মঙ্গলবার তিনি বনগাঁ উত্তর কেন্দ্রের বিজেপি বিধায়ক অশোক কীর্তনীয়ার বাবার শ্রাদ্ধ অনুষ্ঠানে এসে ছিলেন। খাওয়া-দাওয়া করেন। বনগাঁ লোকসভা ও বিধানসভা বিজেপির দখলে থাকলেও এবারের পৌরভোটে বনগাঁয় বিজেপি ২২টির মধ্যে ১টি আসন পেয়েছে। সেই প্রশ্নে শুভেন্দু বলেন, "আমি এখানে এসে অনেককে জিজ্ঞাসা করলাম। আঙুল দেখতে চাইলাম। আমাকে একজনও হাতে কালি দেখাতে পারিনি। না ভোটার, না প্রার্থী, না ইলেকশন এজেন্ট। প্রহসন হয়েছে। কেন্দ্রীয় বাহিনী দিয়ে যখন ভোট হবে, ভোটাররা সুদ-আসলে এই শোধ তুলে নেবে।" বিজেপি নেতা জয়প্রকাশ মজুমদার এ দিন তৃণমূলে যোগদান করেছেন, সে প্রসঙ্গে শুভেন্দু বলেন "এ বিষয়ে কিছু বলব না। উনি কচুবন থেকে



ঘাঁসবনে গিয়েছেন। তৃণমূলীরাই ওনাকে করিমপুরে কচুবনে ফেলে দিয়েছিল।" শুভেন্দুর অভিযোগ প্রসঙ্গে বনগাঁ তৃণমূলের কো-অর্ডিনেটর বিধায়ক বিশ্বজিৎ দাস বলেন, "ওনার চোখে সমস্যা হয়েছে, ডাক্তার দেখানো উচিত। নয়তো এরপর মাথায় সমস্যা হবে। ভোট যে সঠিক হয়েছে, তার প্রমাণ, ওনাদের দলের পক্ষ থেকে একটিও অভিযোগ করা হয়নি। উনি বিরোধী দলনেতা, তাই বিভিন্ন কথা বলে বাজার গরম করছেন।

# বজ্রাঘাতে মৃত্যু কৃষিজীবী

নীরেশ ভৌমিক ঃ গত ২৭ ফেব্রুয়ারী অপরাহ্নের ঝড়-বৃষ্টিতে আকস্মিক বজ্রপাতে প্রাণ হারান বড়া গ্রামের বছর প্রশান্ত মণ্ডল (৫০)। প্রতিবেশি ইন্দ্রনীল ঘোষ জানান, সেদিন বিকালে প্রশান্তবাবু বাড়ির কাছেই নিজের জমিতে জবা ফুল তুলছিলেন। হঠাৎই ঝড়-বৃষ্টি শুরু হয় এবং সেসময় বিকট শব্দে বাজ পড়ে ওই এলাকায়। সেই বজ্রপাতে মাঠেই ঢলে পড়েন প্রশান্তবাবু। তাকে হাসপাতালে নিয়ে গেলে ডাক্তারবাবুরা মৃত বলে ঘোষণা করেন।

# গোপাল শেঠের তৎপরতায় শেষ মুহূর্তে পরীক্ষা কেন্দ্রে ছাত্রী

প্রতিনিধি : শারীরিক অসুস্থতার কারণে মাধ্যমিক পরীক্ষার অ্যাডমিট-এর জন্য ফর্ম ফিলাপ করতে পারেনি ছাত্রী। দিন কয়েক ধরে পরীক্ষায় বসার আবেদন জানিয়ে অ্যাডমিট কার্ডের জন্য স্কুলের দ্বারস্থ হয়েছিল সে। স্কুল থেকে কোন সদুত্তর না পেয়ে হতাশ হয়ে ছাত্রীর পরিবার বনগাঁ পৌরসভার বিদায়ী প্রশাসক গোপাল শেঠের দ্বারস্থ হয়েছিলেন। পরীক্ষার কয়েক ঘণ্টা আগে ছাত্রীর হাতে অ্যাডমিট পৌঁছতেই তড়িঘড়ি পরীক্ষা কেন্দ্রে ছুটল সে। বনগাঁ শিমুলতলা এলাকার স্নেহা গোলদার বনগাঁ কুমুদিনী উচ্চ বালিকা বিদ্যালয়ের ছাত্রী। এবার তাদের পরীক্ষা কেন্দ্র পার্শ্ববর্তী গৌরীসুন্দরী উচ্চ বালিকা বিদ্যালয়। সোমবার সকালে ছাত্রীকে স্কুলের পক্ষ থেকে হাতে অ্যাডমিট তুলে দেওয়া হয়। এডমিট হাতে পেয়ে খুশি ছাত্রী। গোপাল শেঠ বলেন, "গোটা ঘটনাটা শিক্ষা দপ্তরকে জানিয়ে স্নেহা যাতে এডমিট পায় তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আবেদন জানিয়ে ছিলাম। শিক্ষা দপ্তরের পক্ষ থেকে দ্রুত এডমিট কার্ডের ব্যবস্থা করেছে। স্কুল কর্তৃপক্ষ ও গোপাল বাবুকে ধন্যবাদ জানিয়ে স্নেহা বলেন, "ভেবেছিলাম এবার আর হয়তো পরীক্ষা দেওয়া হল না। শেষ মুহূর্তে অ্যাডমিট হাতে পেয়েছি।"

# টাকার বিনিময়ে ট্রাক ছাড়ার অভিযোগ

প্রথমপাতার পর...

তারা দেখেন, সেগুলির মধ্যে জামাকাপড় রয়েছে। এরপরই স্থানীয় মালিকেরা বিক্ষোভ শুরু করে। খবর পেয়ে পরিবহণ দফতরের কর্মীরা এলে তাদের ঘিরে ধরে বিক্ষোভ করে ট্রাক মালিকরা। তাদের অভিযোগ প্যারিসেবল কোর্সের নাম ভাঁড়িয়ে' মোটা টাকার বিনিময়ে ওই ট্রাকগুলিকে বন্দরে যাওয়ার অনুমতি দিয়েছে একশ্রেণীর অসাধু কর্মীরা। বনগাঁ গুডস ট্রান্সপোর্ট অ্যাসোসিয়েশনের ওয়ার্কিং প্রেসিডেন্ট খোকন পাল বলেন, "কালীতলা পার্কিং এ পণ্য নিয়ে ট্রাক গুলি আসার পর পেট্রাপোল বন্দর দিয়ে রপ্তানির জন্য ২৫ থেকে ৩০ দিন দাঁড়িয়ে থাকতে হয়। এর ফলে ডিটেনশন চার্জ বেড়ে যায়। একশ্রেণীর অসাধু ব্যবসায়ী ও সরকারি কর্মীদের যোগসাজশে মোটা টাকার বিনিময়ে ট্রাকগুলি আসা মাত্রই রপ্তানির ব্যবস্থা করা হচ্ছে।" অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি পল্লব মিত্র বলেন, "আমরা দীর্ঘদিন ধরে জানতে পারছি, কিছু কোম্পানি কাঁচামালের নাম করে কন্টেনার নিয়ে যাচ্ছে। মোটা টাকার বিনিময়ে এই কাজ হচ্ছে। আমরা বহুবার এসডিও কে জানিয়েছি। আজ ৪০-৫০ টা গাড়ি এভাবে চলে গিয়েছে। কয়েকটি ট্রাক হাতেনাতে ধরে প্রশাসনের হাতে তুলে দিলাম। প্রশাসন এর বিরুদ্ধে কোনো পদক্ষেপ না করলে বৃহত্তর আন্দোলনে নামার হুমকি দিয়েছেন ট্রাক মালিকেরা।

# বিশ্ব নারী দিবসে নারী সুরক্ষা ও নারীর অধিকার রক্ষার দাবি, বারাসাত উন্নয়ন প্রস্তুতির যুবশক্তি দলের

নীরেশ ভৌমিক ঃ ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবসে সমাজ থেকে বাল্য বিবাহ, নারী পাচার ইত্যাদি রোধে শিক্ষার প্রসার, কর্মসংস্থান, নারী সুরক্ষা ও সমানাধিকারের দাবি জানালো জেলার অন্যতম সামাজিক ও স্বেচ্ছাসেবি সংগঠন বারাসাত উন্নয়ন প্রস্তুতির যুবশক্তি দলের সদস্যা মহিলারা। এদিন মধ্যাহ্নে বারাসাত উন্নয়ন প্রস্তুতি পরিচালিত বিভিন্ন যুবশক্তি দলের সদস্যা মহিলাদের একটি মিছিল জেলা সদর বারাসাতে ৩৪নং জাতীয় সড়ক হয়ে হেলাবটতলা এলাকা পরিক্রমা করে। ফেস্টুন-প্ল্যাকার্ড হাতে মহিলারা মিছিল থেকে বিশ্বনারী দিবসের সার্থকতা কামনা করেন, সেই সঙ্গে মিছিল থেকে নারী সুরক্ষা, শিক্ষার প্রসার, কর্মসংস্থান ও নারী-পুরুষের সমানাধিকারের দাবি জানান। পরে সংগঠনের কর্ণধার রঞ্জিত কুমার দত্ত (সম্পাদক) উপস্থিত সাংবাদিকগণের সাথে এক প্রেস মিটে মিলিত হন।

বারাসাত উন্নয়ন প্রস্তুতির প্রোগ্রামে কো-অর্ডিনেটর তফিকুল হাসান স্বাগত ভাষণে বাল্যবিবাহ রোধ, নারীপাচার রোধ, ডোমেস্টিক ভায়োলেন্স ইত্যাদি প্রতিরোধে তাঁদের সংগঠনের বিভিন্ন উদ্যোগের ইতিবৃত্ত তুলে ধরেন। সংগঠনের সম্পাদক বিশিষ্ট সমাজসেবক রঞ্জিতবাবু জানান, দীর্ঘদিন যাবৎ তাঁদের সংগঠন সমাজ উন্নয়নমূলক কার্যের সাথে নিবিড় ভাবে যুক্ত। বর্তমানে তাদের প্রতিষ্ঠান জেলায় শিক্ষার প্রসার, বাল্যবিবাহ রোধ, নারী নির্যাতন, নারীপাচার ইত্যাদি প্রতিরোধে গ্রামে গ্রামে যুবশক্তিদল গড়ে সমাজ উন্নয়নের কাজ করে চলেছে। এই উদ্যোগকে সার্থক করে তুলতে চাইল্ড প্রটেকশান কমিটিকে আরোও জোরদার করে তোলার প্রয়োজনীয়তা ব্যক্ত এবং সেই সঙ্গে ব্লক ও জেলা প্রশাসনকে আরো সক্রিয় ভূমিকা গ্রহন করতে হবে বলে শ্রীদত্ত ব্যক্ত করেন।

এদিন সংগঠন পরিচালিত যুবশক্তি দল উত্থান ও বিজয়িনী গ্রুপের উপস্থিত মহিলা সদস্যরা সমাজ উন্নয়নে তাঁদের বিভিন্ন উদ্যোগ এবং কাজ করতে গিয়ে বিভিন্ন সদস্যার কথা তুলে ধরেন। প্রিয়াংকা অধিকারী, সোমা সরকার, সুফিয়া খাতুন আজমিরা খাতুন, রাজিয়া বিবি প্রমুখ সদস্যাগন বলেন, বাল্যবিবাহ একটি সামাজিক ব্যাধি। এই ব্যাধি দূর করতে সকলকে এগিয়ে আসতে হবে। আমরা বারাসাত উন্নয়ন প্রস্তুতির পরামর্শে গ্রামে গ্রামে বাল্য বিবাহ, নারী নির্যাতন, নারী পাচার ইত্যাদি রোধে বিভিন্ন ভাবে সাধারণ মানুষজনকে সচেতন করার প্রয়াস চালিয়ে যাচ্ছি। একাজে সরকার, প্রশাসনের আরোও সহযোগিতা প্রয়োজন। চাইল্ড লাইনকে আরোও সক্রিয় হতে হবে। পাচার ও বাল্য বিবাহ রোধে প্রশাসনকে আরও কঠোর হতে হবে। কেন্দ্রীয় সরকারের মেয়েদের বিয়ের বয়স ২১ করার পক্ষে উপস্থিত যুবশক্তি দলের সদস্যরা মতপ্রকাশ করেন। পাচার হওয়া নারীরা বাড়িতে ফিরে এসে সামাজিক সুরক্ষা ও প্রাপ্য সরকারি সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। উদ্ধার হওয়া নারীরা হোমে নয়, তাঁদের বাড়িতে রাখার ব্যবস্থা করে সমাজের মূল স্রোতে ফিরিয়ে আনতে হবে। স্কুল-কলেজে যাতায়াতের পথে মেয়েরা ইভটিজিং এর শিকার হয়। এসব বন্ধে পুলিশ-প্রশাসনকে সক্রিয় ভূমিকা গ্রহনের দাবি জানান। নারী সমাজের অধিকার রক্ষায় সমাজ ও সরকার এগিয়ে এলে তবেই বিশ্ব নারী দিবসের আহ্বান সার্থক হবে বলে উপস্থিত যুব শক্তি দলের সদস্যগণ আশা ব্যক্ত করেন।

# কে হবেন বনগাঁ পৌরসভার চেয়ারম্যান?

প্রথমপাতার পর...

অন্যদিকে জেলা তৃণমূল নেতৃত্ব মনে করছেন, গোপাল বাবু মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সু-নজরে রয়েছেন। ফলে শেষ পর্যন্ত মুখ্যমন্ত্রী গোপাল বাবুকেই পরবর্তী চেয়ারম্যান করে দিতে পারেন।


এদিকে এবার তৃণমূলের ১৯ জন কাউন্সিলরের মধ্যে ১০ জন মহিলা কাউন্সিলর। স্বাভাবিক ভাবে দলের মধ্যে থেকে দাবি উঠেছে কোন মহিলাকে এবার চেয়ারম্যান করা হোক। অতএব গোপাল বাবুর পথের কাঁটা হতে পারেন বনগাঁ পৌরসভার প্রাক্তন চেয়ারম্যান জ্যোৎস্না আঢ্য। যা নিয়ে দলের কর্মী সমর্থকরা ইতিমধ্যেই সোশ্যাল মিডিয়ায় দাবি তুলতে শুরু করেছেন।

শহরবাসী মনে করেন, জ্যোৎস্না দেবীর সময় থেকেই বনগাঁ শহরের প্রকৃত উন্নয়নের কাজ শুরু হয়েছিল। চেয়ারম্যান হিসেবে তিনি খুবই সফল ছিলেন। এবারে তিনি ৪ নম্বর ওয়ার্ড থেকে জয়ী হয়েছেন। তৃণমূলের একাংশের মতে, দলীয় নেতৃত্ব জ্যোৎস্না দেবীর নাম নিয়েও আলোচনা শুরু করেছেন। পাশাপাশি একই সঙ্গে নাম উঠেছে পৌরসভার তিন বারের প্রাক্তণ ভাইস চেয়ারম্যান কৃষ্ণা রায়ের। তিনি দীর্ঘদিন ধরেই পৌর রাজনীতিতে যুক্ত। তার অনুগামীরা দাবি তুলেছেন, অভিজ্ঞতার দিক থেকে কৃষ্ণা দেবী এগিয়ে। তাকে কেন চেয়ারম্যান করা হবে না?

সব মিলিয়ে বনগাঁ পৌরসভার পরবর্তী চেয়ারম্যান কে হবেন, তা নিয়ে বিভ্রান্ত তৃণমূলের কর্মী-সমর্থকরা। যদিও জেলা তৃণমূল নেতৃত্বের দাবী, চেয়ারম্যান কে হবেন, সে ব্যাপারে সিদ্ধান্ত নেবেন মমতা বন্দ্যোপাধ্যায়। অতএব দলনেত্রীর সিদ্ধান্তের দিকে তাকিয়ে রয়েছেন তৃনমূলের কর্মী-সমর্থক থেকে শুরু করে আপামর বনগাঁবাসী।




প্রকাশিতব্য
অজয় মজুমদারের নতুন বই
বর্ণালীর অহংকার
তৃতীয় লিঙ্গের ধ্বস্ত জীবনের প্রামাণ্য উপন্যাস
অবিচারের আর এক নাম তৃতীয় লিঙ্গ। বৃহৎ অর্থে ক্যুইয়ার। জীবনটা একটা বৈচিত্র্যময় বর্ণালী। এই বর্ণালীর রঙগুলি পৃথক পৃথকভাবে বড়ো ম্লান হয়ে আছে। সেইসব মানুষ নিয়েই এই উপন্যাস। কিছু প্রকৃতির নিয়মে তৈরি, কিছু মানুষের খোদকারি। এ এক জোনাকি মন- জ্বলে আর নেভে। তাঁদের এই অসীম শূণ্যতা কখনও পূরণ হওয়ার নয়। লজ্জার মাথা খেয়ে তথ্য পেতে অন্দর মহলের দরজা ঠেলে প্রবেশ করেছে। সেই রঙ মিশে আছে উপন্যাসের চরিত্রে। ক্যুইয়ার জীবনের নুড়ি পাথরের সঙ্গে আপদমস্তক চরিত্র অনুভূতির প্রকাশ, যা একবার পড়তে শুরু করলে হয়তো শেষ না করে ছাড়তে ইচ্ছে করবে না।




মুদ্রিত মূল্য: ৫০০ টাকা, অগ্রিম বুকিং মূল্য : ৩০০ টাকা
অগ্রিম বুকিং-এর যোগাযোগ: ৯৭৩৩৫৩৫৩৪১
প্রকাশক:
গেটওয়ে পাবলিশিং হাউস
প্রফুল্লনগর, হাবড়া, উত্তর ২৪ পরগনা
যোগাযোগ : ৯৭৩৩৫৩৫৩৪১, ইমেল : contact@gatewaygraphics.in; ওয়েবসাইট : www.gatewaygraphics.in

# শিবাজী সংঘের ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ন দোগাছিয়া নবজাগরন সংঘ



নীরেশ ভৌমিক ঃ অন্যান্য বছরের মতো এবারও চাঁদপাড়ার শিবাজী সংঘ আয়োজন করেছিল এক আকর্ষনীয় দিবারাত্রীর ফুটবল প্রতিযোগিতার।

গত ৬ মার্চ মধ্যাহ্নে স্থানীয় মিলন সংঘ মাঠে ক্লাব সভাপতি অজিত সরকার পতাকা উত্তোলন করে ৮ দলীয় এই নক্ আউট ফুটবল টুর্নামেন্টের সূচনা করেন। উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্য বিশিষ্ট জনেদের মধ্যে ছিলেন গাইঘাটা ব্লক জোনাল স্পোর্টস এ্যাসোসিয়েশনের সম্পাদক মণিমোহন দাস, বর্ষিয়ান ফুটবলার অবনী বিশ্বাস, অজিত রায়, সমীরণ সানা, বিশিষ্ট জননেতা ও ফুটবলমোদী কপিল ঘোষ, গাইঘাটা পঞ্চায়েত সমিতির সভাপতি গোবিন্দ দাস ও স্থানীয় জেলা পরিষদ সদস্য সুভাষ রায় প্রমুখ। উদ্যোক্তারা উপস্থিত সকল বিশিষ্ট জনদের স্বাগত জানান।

টুর্নামেন্টে রাজ্যের বিভিন্ন জেলার ৮ টি টিম অংশ গ্রহন করে। মধ্য রাতে ফাইনালে গাইঘাটার দোগাছিয়া নবজাগরণ সংঘ ৩-০ গোলে বহরমপুর এন.টি.আর টিমকে পরাস্ত করে টুর্নামেন্টের সেরার শিরোপা অর্জন করে। উদোক্তারা বিজয়ী ও বিজীত দলের অধিনায়কের হাতে ৭০,০০০ ও ৬০,০০০ টাকা এবং সেই সঙ্গে ট্রপি তুলে দিয়ে শুভেচ্ছা জানান। ম্যান অফ দ্যা ম্যাচ পুরস্কার লাভ করেন দোগাছিয়া নবজাগরণ সংঘের নাইজেরিয়ান খেলোয়াড় শীলা। মাঠভর্তি ফুটবল প্রেমী দর্শক সাধারন এদিনের দিবা রাত্রির টুর্নামেন্টের সমস্ত খেলাগুলি বেশ উপভোগ করেন।


HALL MARK

বনগাঁয় সবার মুখে এক কথা—

রকমারি ডিজাইন, গহনার গড়নে সাবেকিয়ানা,

আধুনিকতায় অনন্য প্রতিষ্ঠান

আমাদের গহনার মজুরী সবার থেকে কম

নিউ পি. সি. জুয়েলার্স

বাটার মোড়, বনগাঁ (বনশ্রী সিনেমা হলের সামনে)

নিউ পি. সি. জুয়েলার্স ব্রাঞ্চ

বাটার মোড়, বনগাঁ (কুমুদিনী বিদ্যালয়ের বিপরীতে)

নিউ পি. সি. জুয়েলার্স বিউটি

মতিগঞ্জ হাটখোলা, বনগাঁ, উত্তর ২৪ পরগনা

এন পি.সি. অপটিক্যাল

এখানে সু-চিকিৎসকের পরামর্শে কম্পিউটার দ্বারা চক্ষু পরীক্ষা করা হয়। আধুনিক মানের চশমার ফ্রেম, গ্লাস ও লেন্সের বিশাল সম্ভার।

বাটার মোড়, (কুমুদিনী স্কুলের বিপরীতে), বনগাঁ


# চোরাপথে ভারতে এসে ফের বাংলাদেশ যাবার পথে ধৃত ১৬ বাংলাদেশি

প্রতিনিধি : চোরাপথে ভারতে এসে ফের বাংলাদেশ যাবার পথে বিএসএফের হাতে আটক হল ১৬ জন বাংলাদেশি। তার মধ্যে মহিলা ও শিশু রয়েছে। তাদের পুলিশের হাতে তুলে দিয়েছে বিএসএফ। বুধবার রাতে তাদের বাগদা থানার রণঘাট বিওপি এলাকায় আটক করে বিএসএফ।

পুলিশ জানিয়েছে, রণঘাট সীমান্ত এলাকায় দু'দেশের মধ্যে জলাভূমি রয়েছে। সেখানে জল কম থাকার সুযোগ নিয়ে এদিন সন্ধ্যায় ধৃতরা চোরাপথে ভারত থেকে বাংলাদেশ যাচ্ছিল। সে সময় বিএসএফ এর ১১২ নম্বর ব্যাটালিয়নের জওয়ানেরা তাদের দেখে ফেলে। তাদের আটক করে জেরা করলে কোনো বৈধ কাগজপত্র দেখাতে পারেননি। ধৃতরা জানায়, তারা বাংলাদেশি। চোরাপথে ভারতে এসে বিভিন্ন রকম কাজ করছিল এতদিন। এদিন তারা বাংলাদেশে ফিরে যাচ্ছিল। বৃহস্পতিবার ধৃতদের বনগাঁ মহকুমা আদালতে পাঠিয়েছে পুলিশ।

# সেবার সাহিত্য সভায় সংবর্ধিত নন্দদুলাল বসু

সঞ্জিত সাহা ঃ গোবরডাঙ্গার অন্যতম স্বেচ্ছসেবি প্রতিষ্ঠান সেবা ফার্মার্স সমিতি আয়োজিত মাসিক সাহিত্য সভায় বিশেষ সংবর্ধনা জ্ঞাপন করা হয় গোবরডাঙ্গার প্রীতিলতা শিক্ষা নিকেতনের নন্দদুলাল বসুকে। পরিবেশ ও সংস্কৃতি প্রেমী শিক্ষক নন্দবাবুকে এদিন পুস্পস্তবক, উত্তরীয়, মানপত্র ও স্মারক উপহারে সংবর্ধনা জানান সেবা সমিতির সম্পাদক গোবিন্দলাল মজুমদার। অনুষ্ঠানের শুরুতেই গোবিন্দবাবু সেবা সমিতির বছরভর বিভিন্ন সেবা মূলক কর্মকান্ডের খতিয়ান তুলে ধরে মনোজ্ঞ ভাষণ দান করেন। বিশিষ্ট লেখক ও সাহিত্যিক রাসমোহন দত্তের পরিচালনায় অনুষ্ঠিত কবি সম্মেলনে জেলার বিভিন্ন এলেকা থেকে আগত কবিগণ স্বরচিত কবিতা পাঠ করেন। উদ্যোক্তারা এদিন সদ্য পৈতে নিয়ে পুরোহিতের কাজে যোগ দেওয়া আশোকনগরের দুই ব্রাহ্মণ কন্যা ও স্কুল ছাত্রী ১৩ ও ১৫ বৎসরের অয়ন্তিকা ও তমালিকা ব্যানার্জীকে সংবর্ধনা জ্ঞাপন করেন।

# ফেন্সিডিল সহ ধৃত

প্রতিনিধি : বাংলাদেশে পাচারের উদ্দ্যেশ্যে নিয়ে বাড়িতে নিষিদ্ধ কাফ সিরাপ জড়ো করেছিল এক ব্যক্তি। সূত্র মারফত খবর পেয়ে পুলিশ অভিযান চালিয়ে নিষিদ্ধ কাফ সিরাপ "ফেন্সিডিল" সহ এক ব্যক্তিকে গ্রেপ্তার করল বাগদা থানার পুলিশ। শনিবার গভীর রাতে ঘটনাটি ঘটেছে বাগদা থানার পদ্মপুকুর এলাকায়। পুলিশ জানিয়েছে, ধৃত ব্যক্তির নাম সালাম মণ্ডল। তার বাড়িতে তল্লাশি চালিয়ে ১০৩৫ বোতল কাফ সিরাপ উদ্ধার হয়েছে। ধৃত ফেনসিডিল গুলির কোন বৈধ কাগজপত্র দেখাতে পারেনি।

# সাড়ম্বরে অনুষ্ঠিত গোবরডাঙা নাবিক নাট্যমের বাষিক উৎসব

নীরেশ ভৌমিক ঃ নাটকের শহর গোবরডাঙার প্রাচীন নাট্যদল নাবিক নাট্যম এর বার্ষিক নাট্যমিলন-২০২২ সাড়ম্বরে অনুষ্ঠিত হয় স্থানীয় শিল্পায়ন স্টুডিও থিয়েটারের শাঁওলি মিত্র মঞ্চে। গত ৮ মার্চ মঙ্গলদীপ প্রোজ্জ্বলন করে ৩ দিন ব্যপী আয়োজিত নাট্যোৎসবের সূচনা করেন পশ্চিমবঙ্গ নাটক ও সংগীত আকাদেমীর সচিব ডঃ হৈমন্তী চট্ট্যোপাধ্যায়। ছিলেন গোবরডাঙার প্রবীণ নাট্যব্যক্তিত্ব প্রদীপ রায় চৌধুরী, নাট্য গুরু শ্যামল দত্ত, আশিষ চট্ট্যোপাধ্যায়, অভীক ভট্টাচার্য, আশিষ দাস, পৌরসভার নবনির্বাচিত কাউন্সিলর বাসুদেব কুন্ডু প্রমুখ। উদ্যোক্তারা উপস্থিত সকল বিশিষ্টজনদের পুস্পস্তবক, উত্তরীয় ও সদ্য প্রয়াতা সুর সম্রাজ্ঞী লতা মঙ্গেশকরের



বাঁধানো ছবি প্রদানে অভিনন্দন জানান। উদ্যোক্তারা এবারের নাবিক সম্মান প্রদান করেন সংস্থার প্রতিষ্ঠানের দুই কুশীলব বর্ষিয়ান নরেন কুন্ডু ও মায়া দত্তকে। উপস্থিত বিশিষ্ট জনেরা তাঁদের বক্তব্যে দীর্ঘ প্রায় ৪৫ বৎসর যাবৎ নাট্যচর্চা ও প্রসারে নাবিক নাট্যমের প্রয়াসকে সাধুবাদ জানান। বিশেষ সংবর্ধনা জ্ঞাপন করা হয় গোবরডাঙা থানার ওসি কাজল ব্যানার্জীকে।

এদিনের অনুষ্ঠানের শুরুতে সংস্থার সদস্যগণের মনোজ্ঞ সংগীত ও নৃত্যের অনুষ্ঠান এবং বিশিষ্ট নাট্যাভিনেত্রী দীপা ব্রহ্মের গাওয়া নাটকের গানের মধ্যদিয়ে নাবিক এর বার্ষিক নাট্যোৎসব শুরু হয়। ভারত সরকারের সংস্কৃতি মন্ত্রকের সহায়তায় অনুষ্ঠিত এবারের নাট্যমিলন উৎসবে মোট ৬ খানি নাটক মঞ্চস্থ হয়। এছাড়াও ছিল গোবরডাঙা মুকুলিকা পরিবেশিত শ্রুতি নাটক তাহার নামটি রঞ্জনা। শেষদিনে মছলন্দপুরের ইমন মাইম সেন্টারের কর্ণধার বিশিষ্ট মূকাভিনেতা ধীরাজ হালদারের নির্দেশনায় পরিবেশিত মূকনাটক সমবেত দর্শক সাধারণের প্রশংসা লাভ করে।

নাট্যোৎসবের প্রথমদিন বাওয়ার আমতা পরিচয় নাট্যদল মঞ্চস্থ করে ব্যাঙ্ক ইউ দাদাজি। এদিন বিশিষ্ট নাট্য পরিচালক জীবন অধিকারীর নির্দেশনায় আয়োজক সংস্থা নাবিক নাট্যমের কুশীলবগণ মঞ্চস্থ করেন মজার নাটক 'অথ বৃষ মঙ্গল কথা'। দ্বিতীয় দিন পরিচালক ভাস্কর দাসের নির্দেশনায় হুগলীর হরিপাল আশ্রমিক মঞ্চস্থ করে দর্শক প্রশংসিত নাটক দ্য সেলস্ম্যান। বর্তমানের এই চরম বেকারত্বের যুগে সেলস্ম্যানদের জীবন সংগ্রামের কাহিনী নাটকটিতে সুন্দরভাবে ফুটিয়ে তুলেছেন পরিচালক দেবাশিষ সরকার, এদিন দ্বিতীয় নাটক কাম BACK বিনোদিনী পরিবেশন করে খড়দহ থিয়েটার জোন। প্রতিদিন নাট্যমোদী দর্শক সাধারণের উপস্থিতিতে নাবিক এর নাট্যমিলন উৎসব-২০২২ সার্থকতা লাভ করে।

# শাস্তির দাবিতে মৃতদেহ নিয়ে বিক্ষোভ

প্রতিনিধি : প্রেমিকাকে আত্মহত্যার প্ররোচনা দেওয়ার অভিযোগ উঠল প্রেমিকের বিরুদ্ধে। অভিযোগ, প্রেমিক ও তার পরিবারের লোকজন এই ঘটনায় দায়ী।

প্রেমিক ও তার পরিবারের লোকজনদের গ্রেফতারের দাবি তুলে তরুণীর মৃতদেহ নিয়ে প্রেমিকের বাড়ির সামনে বিক্ষোভ দেখালেন প্রেমিকার পরিজনেরা। রবিবার রাত সাড়ে দশটা নাগাদ ঘটনাটি ঘটেছে বনগাঁ থানার ফুলতলা কলোনি এলাকায়। পরে ঘটনাস্থলে গিয়ে পুলিশ প্রেমিকার পরিবারের লোকজনের কাছ থেকে লিখিত অভিযোগ নেয়। রাত একটা নাগাদ বিক্ষোভ থামে।

পরিবারের লোকেরা জানিয়েছে, বছর কুড়ির মেয়েটির সঙ্গে প্রেমের সম্পর্ক ছিল সুরাজ বিশ্বাস নামে ফুলতলা কলোনি এলাকার ওই যুবকের। মেয়েটি ফুলতলা এলাকায় মামার বাড়িতে থাকতো। বছর সাত আগে তাদের মধ্যে প্রেমের সম্পর্ক হয়। অভিযোগ, বিয়ের প্রতিশ্রুতি দিয়ে এবং গোপনে বিয়ে করে সুরাজ মেয়েটির সঙ্গে নিয়মিত শারীরিক সম্পর্ক করতো। কিন্তু তাকে শ্বশুরবাড়িতে নিয়ে যেতে অস্বীকার করেছিল। মেয়েটির দিদি বলেন, "মাস দুয়েক আগে বোন মানসিকভাবে বিপর্যস্ত হয়ে পড়ে। এরপর তাকে কৃষ্ণনগরে আমার মায়ের কাছে পাঠিয়ে দেওয়া হয়।"

## নাম-পদবী পরিবর্তন

আমি Narayan Chandra Mondal, বয়স ৪৮ বছর, পিতা- Lt. Hajarilal Mondal, গ্রাম- মেহেরানী, পোঃ- হাট কুড়ুলিয়া, থানা- বাগদা, জেলা- উত্তর ২৪ পরগণা। আমার রেশন কার্ডে (149400) এবং আমার ভোটার আই কার্ডে (WB/13/084/306048) আমার নাম লেখা আছে Narayan Mondal। আমি বনগ্রাম এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতের এফিডেভিট বলে Narayan Chandra Mondal ও Narayan Mondal এক এবং অভিন্ন ব্যক্তিরূপে পরিচিত হলাম।


COMPUTER & PRINTER REPAIRING

যত্ন সহকারে সামনে বসে কাজ করা হয়

কার্টিজ রিফিল করা হয়।

UNICORN

Mob. : 9734300733

অফিস ঃ কোর্ট রোড, লোটাস মার্কেট, বনগাঁ, উঃ ২৪ পরঃ

Arup Kumar Nath

Customs Clearing & Forwarding Agent

: 03215-245 718

9475399888

8768010885

: absenterprise43@gmail.com

absenterprise43@yahoo.com

A.B.S. ENTERPRISE

Hazi Market (1st Floor) ● PETRAPOLE ● BONGAON ● NORTH 24 PARGANAS

তান্ত্রিক জ্যোতিষ সম্রাট চণ্ডীরত্ন গীতাভারতী, স্বর্ণপদক প্রাপ্ত

এস এস আচার্য / এস এস চ্যাটার্জী

ব্যবসা, চাকুরী, বিবাহ, বিদেশযাত্রা, গ্রহদোষ, বাস্তুদোষ, প্রতিকারসহ শ্রাদ্ধ-শান্তি, উপনয়ণ এবং প্রায়শ্চিত্ত করা হয়।

পুরোহিত শুভজিৎ আচার্য

চাঁদপাড়া ১নং রেলবাজার, ঢাকুরিয়া কালীবাড়ি, ২৪ পরঃ (উঃ)

মোঃ ৯৩৩২২৩৬১১৫/৯৭৩৪৩৭৮৯০৩/৮৩৭১০৪৬৪৯৭



Printer, Publisher & Owner **Utpal Mallick**, Published at Kalupur (Uttarpara, P.O.- Kalupur, P.S.- Bongaon, Dist.- North 24 Parganas, W.B. PIN- 743235 and Printed at Kumar Press at Tawbazar, Bongaon, North 24 Parganas, W.B., PIN- 743235 - 9232633899 / 9647791986 / 7076271952

e-mail.- sarbabhauma@gmail.com, Web- https://www.sarbabhaumasamachar.in

**Editor- Utpal Mallick**